# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**10 JULY 2025** **7:45—7:55 PM IST**

========================================================

১) আগামী বছরের জানুয়ারী মাসের মধ্যে ৮০টি নতুন চা-বাগান আদর্শ বিদ্যালয় উদ্বোধন করার জন্য রাজ্য সরকারের পরিকল্পনা ।
২) রাজ্যে খুব শীঘ্রই ৪ হাজার ৫শোটি শিক্ষক পদের নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ হবে বলে প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতির প্রকাশ ।

৩) আনিশ্চয়তার মধ্যেই শিলচর -গৌহাটির মধ্যে কয়েকটি বিশেষ ট্রেন চলাচলের ব্যবস্থা ।

এবং

৪) রাজ্যের অর্থ বিভাগের সরকারী কর্মচারীদের লাভ করা বেতনের নিরিখ পুনরিক্ষণের নির্দেশ জারী ।

---

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আজ চাবাগান অঞ্চলের আদর্শ বিদ্যালয় সমুহের প্রধানশিক্ষকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন ।গুয়াহাটী মেডিক্যাল কলেজ প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত এই বৈঠকে মুখ্যমন্ত্রী রাজ্যের ১১৮ টি চাবাগান আদর্শ বিদ্যালয় ও ৫৭ টি কেন্দ্রীয় মাধ্যমিক শিক্ষা পর্ষদের আদর্শ বিদ্যালয়ের কাজকর্ম পর্যালোচনা করেন ।বৈঠকে বিদ্যালয় সমুহের পাঠদান পদ্ধতি , শৈক্ষিক ফলাফল , কার্যক্ষমতা সহ আর্থসামাজিক কারণগুলো মূল্যায়ন করা হয় । মুখ্যমন্ত্রী বিদ্যালয়গুলোর বিভিন্ন সমস্যার বিষয়ে প্রধান শিক্ষকদের সঙ্গে আলোচনা করে এই সমস্যা সমাধানের পথ প্রশস্ত করার জন্য বিভিন্ন পরিকল্পনার কথা উল্লেখ করেন ।মুখ্যমন্ত্রী আগামী বছরের জানুয়ারী মাস

পর্যন্ত ৮০ টি নতুন চাবাগান আদর্শ বিদ্যালয় উদ্বোধন করার পরিকল্পনার কথাও জানান । মুখ্যমন্ত্রী বলেন ----

বাইট

---------------------------------------------------------------------------------

রাজ্যে খুব শীঘ্রই ৪ হাজার ৫শোটি শিক্ষক পদের নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ হবে বলে প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতি সংবাদ মাধ্যমকে জানিয়েছেন । প্রাথমিক বিদ্যালয়ে ৫ হাজার ৫শো ৫০টি পদ পূরণের জন্য নথি-পত্র পরীক্ষা অব্যাহত থাকার সময় শিক্ষা সঞ্চালক এ কথা জানান । উল্লেখ্য যে নিম্ন প্রাথমিকে ৩ হাজার ৮শোটি এবং উচ্চ প্রাথমিকে ১ হাজার ৭শো ৫০টি সহকারী শিক্ষক পদে নিযুক্তির জন্য ২০২৩ সালের ২৬ ডিসেম্বর বিজ্ঞাপন প্রকাশ করা হয়েছিল । প্রাথমিক পর্যায়ে দুটি স্তরে নিযুক্তির জন্য প্রার্থীদের দ্বিতীয় পর্যায়ের নথি পরিক্ষণের কাজ আসাম কৃষি বিশ্ববিদ্যালয়ের অতিথিশালায় আজও অব্যাহত ছিল । প্রথম ও দ্বিতীয় পর্যায়ের নথি পরীক্ষার সময় যেসব প্রার্থী বিভিন্ন কারণে উপস্থিত হতে পারেন নি তাদের জন্য পুনরায় এই নথি পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে । আগেই জানানো হয়েছে যে ভূমি ধ্বসের ফলে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন থাকায় বরাক উপত্যকার প্রার্থীরা নির্ধারিত নথি পরীক্ষার দিন উপস্থিত হতে পারেন নি । তাদের জন্য আগামীকাল ও ১২ জুলাই পুনরায় নথি পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে । গত ২০ মার্চ থেকে ১১ এপ্রিল পর্যন্ত নথি পরীক্ষায় উপস্থিত থাকতে না পারা প্রার্থরাও আগামী ১৪ জুলাই অনুষ্ঠেয় নথি পরীক্ষায় উপস্থিত থাকতে পারবেন ।

---------------------------------------------------------------------------------

রাজ্য সরকার শিক্ষা প্রতিষ্ঠানগুলির জন্য খুব শীঘ্রই একটি নতুন প্রাদেশিকীকরণ আইনের ব্যবস্থা করবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । শিক্ষাপ্রতিষ্ঠান প্রাদেশিকীকরণ আইনটি একাধিকবার সংশোধন করার পরও রাজ্যে প্রাদেশিকীকরণের সমস্যার সমাধান হয়নি । একাংশ যোগ্য শিক্ষা প্রতিষ্ঠান আইনের বাইরে থেকে যাওয়ায় নতুন আইন গ্রহণ করার কথা বিবেচনা করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেন । ডক্টর শর্মা জানান যে আগামী অক্টোবর মাসে বিধান সভায় নতুন আইনটি উত্থাপন করা হবে । এছাড়াও প্রাদেশিকীকরণের সময় যেসব শিক্ষকের যোগ্যতার জন্য টিউটর হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছিল , তাদের মধ্যে যারা যোগ্যতা অর্জন করেছেন তাদেকেও পূর্ণ শিক্ষক হিসেবে নিযুক্তি প্রদানের ব্যবস্থা করা হবে ।

---------------------------------------------------------------------------------

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ের লামডিং-বদরপুর অংশের মুপা এবং দিহাখো ষ্টেশনের মধ্যে ভূমি ধ্বসের ফলে বন্ধ হয়ে যাওয়া রেল লাইনে পুনরায় রেল চলাচল স্বাভাবিক করে তোলার জন্য সব প্রচেষ্টা অব্যাহত রেখেছে । ধ্বস পতন এলাকায় এক্সেভেটর এবং জে সি বির মাধ্যমে পাথর ও মাটি সরানোর কাজ অব্যাহত রয়েছে । ভূমি ধ্বসের ফলে ১৩ জুলাই পর্যন্ত কয়েকটি রেলের যাত্রা বাতিল হওয়ায় বরাক উপত্যকার যাত্রীরা সমস্যার সম্মুখিন হয়েছেন । এই পরিস্থিতিতে আজ অনিশ্চয়তার মধ্যেই শিলচর ষ্টেশন থেকে দুপুর ১২টায় গৌহাটি অভিমুখী একটি বিশেষ রেল চালানো হয়েছে । উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে গৌহাটি এবং আগরতলার মধ্যেও একটি বিশেষ রেল চালানোর সিদ্ধান্ত নিয়েছে । এছাড়াও কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস সহ আগামীকাল পুনরায় শিলচর-গৌহাটি এক্সপ্রেস ট্রেনটি চলাচল করানো হবে বলে রেল বিভাগ সূত্রে জানানো হয়েছে ।

---

২০২৪-২৫ সালে রাজ্যে আয়কর রিটার্ণ দাখিল করা লোকের সংখ্যা ৮ লক্ষ ৯৯ হাজার ২শো ৬৩ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে । রাজ্যের আয়কর বিভাগ সম্প্রতি এই তথ্য প্রকাশ করেছে । এই অনুসারে গত অর্থ বছরের তুলনায় আসামে আয়কর রিটার্ণ করা লোকের সংখ্যা যথেষ্ট বৃদ্ধি পেয়েছে । ২০২৩-২৪ অর্থ বছরে রাজ্যের ৮ লক্ষ ১৬ হাজার ১৩৭ জন আয়কর রিটার্ণ দাখিল করেছিল । চলতি অর্থ বছরে রাজ্যে আয়কর দাখিল করা লোকের সংখ্যা ১০ লক্ষ অতিক্রম করবে বলে অর্থ মন্ত্রনালয় সূত্রে প্রকাশ করা হয়েছে । ২০২৩-২৪ সালে আসাম থেকে কেন্দ্রীয় সরকার ৭ হাজার ৫১০ কোটি টাকার অধিক আয়কর সংগ্রহ করেছিল এবং গত অর্থ বছরে এই সংগ্রহ ১০ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলেও অর্থ মন্ত্রনালয় সূত্রে প্রকাশ করা হয়েছে ।

---

আজ গুরুপূর্ণিমা ।ভারতীয় পরম্পরায় এই পবিত্র দিনটিতে আধ্যাত্মিক তথা শিক্ষাগুরুদের প্রতি শ্রদ্ধা  নিবেদন করা হয় । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুরু পূর্ণিমা উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ দেশবাসীকে গুরুপূর্ণিমার শুভেচ্ছা জ্ঞাপন করে গুরু শিষ্যের পবিত্র সম্পর্কের গুরুত্বের ওপর আলোকপাত করেন ।মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা রাজ্য বাসীকে গুরু পূর্ণিমার শুভেচ্ছা জ্ঞাপন করেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় মুখ্যমন্ত্রী ভারতীয় সংস্কৃতিতে এই দিবসের গুরুত্বের কথা উল্লেখ করে বলেন যে জীবন গড়ে তোলার ক্ষেত্রে গুরুর ভূমিকা অমূল্য ।

---

রাজ্যের অর্থ বিভাগ সরকারী কর্মচারীদের লাভ করা বেতনের নিরিখ পুনরিক্ষণের নির্দেশ জারী করেছে । এর জন্য প্রত্যেকটি জেলায় পঁচ সদস্য বিশিষ্ট একটি করে সমিতি গঠন করা হয়েছে । পদোন্নতি , পদের উন্নীতকরণ , এম এ সি পি , বেতন সংশোধনী সহ বিভিন্ন ক্ষেত্রে কর্মচারীদের বেতনের নিরিখ সংশোধনীর প্রয়োজন রয়েছে এবং এই ক্ষেত্রের ত্রুটির জন্য কর্মচারীদের অতিরিক্ত বেতন প্রদানের বিষয়টি বন্ধ করার ব্যবস্থা করা হয়েছে । বিভাগীয় প্রধান এবং জেলা কার্যালয়ের জিম্মায় সার্ভিস বুক থাকা সব স্থায়ী আধিকারিক-কর্মচারীদের এই পুননিরীক্ষণ কার্যসূচিতে অর্ন্তভুক্ত করা হবে । পুননীরিক্ষণে কোন ধরণের অনিয়ম ধরা পড়লে তাৎক্ষণিকভাবে সংশোধন করতে সংশ্লিষ্ট ডি ডি ওকে অবগত করানো হবে । সংশোধিত তথ্য আই এফ এম আই এস , ফিনেনেম পোর্টালে আপলোড করা হবে । সমিতির সিদ্ধান্ত নিয়ে কোন ধরণের দাবী ও আপত্তি থাকলে সংশ্লিষ্ট ডি ডি ও ১৫ দিনের মধ্যে আপত্তি দর্শাতে পারবেন । প্রতি ১৫ দিন পর পর সমিতির বৈঠক অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগ ও শ্রীভুমি পৌর সভার যৌথ উদ্যোগে আজ থেকে শ্রীভূমি শহরে ম্যালেরিয়া , ডেঙ্গু ও জাপানীস এনকেফেলাইটিস রোগ প্রতিরোধে লার্ভানাশক স্প্রে অভিযান শুরু হয়েছে । সাফাই আপনাও-বিমারী ভাগাও কার্য্যসূচীর অধীনে মশার প্রজননস্থল ধ্বংস , বাড়ী বাড়ী গিয়ে সচেতনতামূলক আলোচনা এবং ঝুঁকিপূর্ন এলাকায় স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হচ্ছে । জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং এই অভিযানের উদ্বোধন করে বলেন যে মশাবাহিত রোগ প্রতিরোধে আগাম ব্যবস্থা গ্রহন ও জনসচেতনতা বৃদ্ধির উপর জোর দেওয়া হচ্ছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে সাধারন জনগনকে নিজেদের ঘর ও চারপাশ পরিষ্কার রাখতে , জল জমতে না দেওয়া ও স্বাস্থ্য কর্মীদের সর্বাত্মক সহযোগীতা করতে আহ্বান জানানো হয়েছে । এই অভিযান পুরো বর্ষার মরশুমে চলবে এবং শহরের প্রতিটি ঝুঁকিপূর্ন অঞ্চলে বাস্তবায়ন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

এদিকে শ্রীভূমি জেলায় শিশুদের মধ্যে ডায়ারিয়া জনিত অসুস্থতা ও মৃত্যুর হার কমানোর লক্ষ্য নিয়ে আজ থেকে ডায়ারিয়া প্রতিরোধ অভিযান শুরু হয়েছে । জেলার স্বাস্থ্য বিভাগের যুগ্ম সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং করিমগঞ্জ সিভিল হাসপাতাল প্রাঙ্গন থেকে এ উপলক্ষ্যে একটি র‍্যালীর উদ্বোধন করেন । র‍্যালীতে জনসাধারনকে পরিষ্কার-পরিচ্ছন্নতা , হাত-ধোয়া এবং নিরাপদ পানীয় জলের গুরুত্ব সর্ম্পকে সচেতন করা হয়েছে । এই অভিযানের অধীনে আশা কর্মীরা ঘরে ঘরে গিয়ে সচেতনতা বৃদ্ধি এবং

ও আর এস প্যাকেট বিতরন করবেন । যারা ডায়ারিয়ায় আক্রান্ত হবেন , তাদের ১৪ দিন ধরে জিঙ্ক ট্যাবলেট দেওয়া হবে । এই অভিযান জুলাই ও অগাষ্ট মাসে জেলার শহর ও গ্রামাঞ্চলে চলবে ।

---------------------------------------------------------------------------------------

আসামে মণিপুরী স্বশাসিত পরিষদ গঠনের দাবীতে আজ শিলচরে ক্ষুদিরাম মূর্তির পাদদেশে মণিপুরী স্বশাসিত পরিষদ দাবী কমিটির সদস্যরা বিক্ষোভ কর্মসূচী পালন করেন । কমিটির সদস্যরা তাদের দাবী সম্বলিত একটি স্মারকপত্র জেলা আয়ুক্ত মারফত মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে প্রেরণ করেন ।

---------------------------------------------------------------------------------------

অসম ক্রিকেট সংস্থার ব্যবস্থাপনায় এবং শিলচর জেলা ক্রীড়া সংস্থার সহযোগীতায় আজ থেকে জেলা ক্রীড়া সংস্থার মাঠে ১৪ দিনের গ্রীষ্মকালীন ক্রিকেট প্রশিক্ষন শিবির শুরু হয়েছে । শিবিরে অনূর্ধ-১৬ ছেলেদের বিভাগের মূখ্য প্রশিক্ষক দীপঙ্কর ব্যনার্জী প্রশিক্ষন প্রদান করছেন । শিলচর জেলা ক্রীড়া সংস্থার ক্রিকেট সম্পাদক নিরঞ্জন দাস আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন যে আজ প্রথম দিন একশো-র অধিক ছেলে-মেয়ে শিবিরে যোগদান করেছে এবং কিছু দিনের মধ্যে আরো কিছু ছেলে-মেয়ে অংশ গ্রহন করবে বলে জানিয়েছেন । এই শিবির যূব ক্রিকেটারদের দক্ষতা বিকাশে বিশেষ গুরুত্বপূর্ন ভূমিকা পালন করবে ।

---------------------------------------------------------------------------------------